দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. 8 1999
পৃষ্ঠা 1 কলাম 1
91

# শিক্ষকদের দায়িত্বহীনতা অমার্জনীয় অপরাধ

---------------------সন্তু লারমা

চট্টগ্রাম অফিস ॥ রাঙ্গামাটি সদর থানা প্রাথমিক শিক্ষা অফিসার বেরতী প্রসাদ চাকমা ও কয়েকজন শিক্ষক-শিক্ষিকার অবসর গ্রহণ উপলক্ষে গত ২৯শে জুলাই এক অনুষ্ঠানে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলিক পরিষদের চেয়ারম্যান জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা) তাহার ভাষণে পার্বত্য চট্টগ্রামের শিক্ষাঙ্গনে নানা সমস্যা, দুর্নীতি ও অনিয়মের উল্লেখ করেন। পার্বত্য এলাকায় অনেক শিক্ষক দায়িত্ব সচেতন নয় বলিয়া তিনি উল্লেখ করেন। সন্তু লারমা বলেন, এক শ্রেণীর শিক্ষক আছেন যাহারা স্কুলে না গিয়া অন্যজনের দ্বারা প্রক্সি দেন। এহেন দায়িত্বহীনতা কোনক্রমেই ক্ষমতার যোগ্য নয় বলিয়া তিনি উল্লেখ করেন। নিজের শিক্ষকতা জীবনের উল্লেখ করি সন্তু লারমা বলেন, আমি নিজ জীবনয় দর্শনের প্রতিফলন ঘটাইতে চেষ্টা করিয়াছি। দীর্ঘ দুই দশকের 'আত্ম-নিয়ন্ত্রণ অধিকার' আন্দোলনের কারণে পার্বত্য চট্টগ্রামে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পঙ্গু হইয়া গিয়াছে। ইহাকে পুনরায় চাঙ্গা করিয়া অনগ্রসর পার্বত্য এলাকার প্রত্যন্ত অঞ্চলে শিক্ষার আলো জ্বালানোর জন্য সর্বস্তরের পার্বত্যবাসীর প্রতি তিনি আহ্বান জানান। তিনি বলেন, আর সংঘাত নয়, আর রক্তপাত নয়। এখন আত্মনির্ভরশীলতা অর্জনের সময়। এই লক্ষ্যেই আমাদেরকে আগাইয় যাইতে হইবে। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি রাঙ্গামাটি জেলা শাখা সভাপতি আবুল বশরের সভাপতিত্বে পৌর মিলনায়তনে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রাঙ্গামাটি জেলা পরিষদ চেয়ারম্যান চিংকিউ রোয়াজা, জেলা প্রশাসক শাহআলম এবং পৌর চেয়ারম্যান হাবিবুর রহমান।